গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd

নং-ডিজিডিএ/সার্কুলার-৫৩/২০০৮/ ৪২৪

তারিখ: ২৭/০৪/২০২৪

## অফিস আদেশ

ঔষধ প্রশাসন অধিদপ্তরে কর্মরত সকল কর্মকর্তাকে জানানো যাচ্ছে যে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর মতে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (এএমআর) ১০টি জনস্বাস্থ্যের হুমকির মধ্যে একটি। ভবিষ্যৎ প্রজন্মের স্বাস্থ্য সুরক্ষার স্বার্থে এএমআর নিয়ন্ত্রণ করা জরুরি। সারা বিশ্বের মত বাংলাদেশ সরকার এএমআর নিয়ন্ত্রণে কাজ করে যাচ্ছে। উল্লেখ্য যে, ঔষধ ও কসমেটিকস আইন-২০২৩ এর ৪০(ঘ) ধারা মোতাবেক Over the Counter ঔষধ ছাড়া রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতীত এন্টিবায়োটিক বা অন্য কোনো ঔষধ বিক্রয় আইনত দন্ডনীয় অপরাধ। উক্ত আইনে এ অপরাধে অনধিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা অর্থদন্ডের বিধান রয়েছে।

এমতাবস্থায়, এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধের উদ্দেশ্যে আগামী ০১/০৫/২০২৪ তারিখ হতে রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতীত এন্টিবায়োটিক জাতীয় ঔষধ বিক্রয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণসহ আপনার/আপনাদের আওতাধীন এলাকায় ফার্মেসী পরিদর্শনকালে নিম্নবর্ণিত বিষয়সমূহ তদারকিকরতঃ এতদবিষয়ক প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার.জন্য নির্দেশ প্রদান করা হলো।

১। উৎপাদনকারী প্রতিষ্ঠান হতে এন্টিবায়োটিক ঔষধ ক্রয়ের ইনভয়েস সংরক্ষণ করা হয় কিনা?
২। এন্টিবায়োটিক জাতীয় ঔষধ বিক্রয়ের ক্যাশ মেমো প্রদান করা হয় কিনা?
৩। পূর্ণ কোর্স এন্টিবায়োটিক বিক্রয় করা হয় কিনা?
৪। এন্টিবায়োটিক রেজিস্ট্রার আছে কিনা? রেজিস্ট্রারে এ সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করা হয় কিনা?
৫। এন্টিবায়োটিক জাতীয় ঔষধ বিক্রয়ের সময় রেজিস্টার চিকিৎসকের ব্যবস্থাপত্র সংরক্ষণ করা হয় কিনা?

মেজর জেনারেল মোহাম্মদ ইউসুফ
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ফোনঃ ২২২২২৮০৮০৩
ইমেইল: dgda.gov@gmail.com

29 APR 2024

বিতরণ:

১। জনাব ............................................................................. ,পরিচালক/পরিচালক (চঃদাঃ), এ অধিদপ্তর।
২। জনাব ............................................................................, উপপরিচালক/ উপপরিচালক(চঃদাঃ)/ সহকারী পরিচালক/ ঔষধ তত্ত্বাবধায়ক/ঔষধ তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত)/ঔষধ পরিদর্শক, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়/ ঔষধ প্রশাসন, .................